

B.A.6th Semester (Honours) Examination, 2022 (CBCS)

বাংলা (সাম্মানিক)

Course - DSE-4

দক্ষিণপ্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময়- তিন ঘণ্টা

পূর্ণ মান -৬০

১) যে-কোনো দশটি প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দাও

১০X২ =২০

- ক) লোকবিশ্বাস কীভাবে লোকসাহিত্যের অন্তর্ভুক্ত হতে পারে?
- খ) বাক্কেন্দ্রিক লোকসংস্কৃতির দুটি উদাহরণ দাও।
- গ) 'ময়মনসিংহ গীতিকা' লোকসাহিত্য, নাকি লোকসংস্কৃতি—কোন ধারার অন্তর্ভুক্ত হতে পারে? যুক্তি দাও।
- ঘ) যাত্রাগান কোন শ্রেণির লোকসংস্কৃতি?
- ঙ) বস্তুকেন্দ্রিক লোকসংস্কৃতির দুটি উদাহরণ দাও।
- চ) টুসুগান বাংলার কোন অঞ্চলের লোকসংস্কৃতি?
- ছ) বাংলার বহুরূপী-শিল্পকে কোন শ্রেণির লোকসংস্কৃতি বলা যায়?
- জ) দুটি অনুষ্ঠানমূলক লোকসংস্কৃতির উদাহরণ দাও।
- ঝ) মুর্শিদাবাদ জেলার প্রচলিত বিখ্যাত লোকনাট্যের নাম উল্লেখ করো?
- ঞ) লেটোগান—কোন অঞ্চলের লোকসংস্কৃতি?
- ট) মানসজাত লোকসংস্কৃতি কাকে বলে?
- ঠ) প্রদর্শনমূলক (performative) লোকসংস্কৃতি বলতে কী বোঝো?
- ড) বাংলার দুটি প্রদর্শনমূলক লোকসংস্কৃতির উদাহরণ দাও।
- ঢ) বাংলার দুটি বিখ্যাত লোকশিল্পের উদাহরণ ও সেই শিল্প কোন অঞ্চলে হয়, তা উল্লেখ করো।
- ণ) বেত ও বাঁশের তৈরি হস্তশিল্পকে কোন শ্রেণির লোকসংস্কৃতি বলা যায়?

২) যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও

৪X৫ =২০

- ক) বাংলা লোকসাহিত্যের ছড়াগুলিতে বাঙালি নারীর মনস্তত্ত্বের যে-রূপ পাওয়া যায়, তা আলোচনা করো।
- খ) বাংলা প্রবাদগুলির সঙ্গে সামাজিক জীবন অভিজ্ঞতার যে যোগ পাও, তা সংক্ষেপে লেখো।
- গ) লোকগানের বিচিত্র ধারায় কীভাবে বাংলা লোকসাহিত্য সমৃদ্ধ হয়েছে—আলোচনা করো।
- ঘ) বাংলা লোকসাহিত্যের অন্যতম দিক—'লোকবিশ্বাস' ও 'লোকগল্প'—মন্তব্যটির যথাযথ বিচার করো।
- ঙ) লোকসাহিত্যের একটি ধারা হিসেবে মেয়েলি ব্রতকথার গুরুত্ব বিচার করো।
- চ) পালাগান হল লোকসাহিত্যের জনপ্রিয় একটি বিনোদন-ক্ষেত্র—আলোচনা করো।

৩) যে-কোনো দুটি বিষয়ে প্রবন্ধ রচনা করো

২X১০ =২০

- ক) মধ্যযুগের বৈষ্ণব পদাবলী কাব্যে রোমান্টিক আবেদন
- খ) মধ্যযুগের বাংলাসাহিত্যে নারীর অবস্থান
- গ) উনিশ শতকের সমাজ সংস্কার আন্দোলন ও বিদ্যাসাগর
- ঘ) রবীন্দ্র-পরবর্তী ছোটগল্পে জীবন-বাস্তবতার উপাদান